# বাংলাদেশ শিল্পকলা একাডেমি

১৪/৩, সেগুনবাগিচা, রমনা, ঢাকা।

(www.shilpakala.gov.bd)

নম্বর: ৪৩.২০.০০০০.০১২.১১.০১৯.১৯. ২০৫৫ — তারিখ: ২৫/০৮/২০২১

## পুন:নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ শিল্পকলা একাডেমির নিম্নবর্ণিত স্থায়ী পদসমূহে সরাসরি নিয়োগের জন্য পদের পার্শ্বে বর্ণিত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতাসম্পন্ন বাংলাদেশী নাগরিকদের নিকট হতে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত এক পাতার নির্ধারিত আবেদন ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক | পদের নাম ও বেতন স্কেল | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | সর্বোচ্চ বয়সসীমা | যেসব জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই। |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১. | সহকারী পরিচালক (সংগীত) (প্রোগ্রাম প্রডাকশন, সংগীত) ২২০০০-৫৩০৬০/- | ১ (এক) টি | সংগীত বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রীসহ সংগীত বিষয়ক কর্মকাণ্ড সংক্রান্ত কোন বিধিবদ্ধ সংস্থায় কর্মকর্তা হিসাবে ৭ বৎসরের চাকরির অভিজ্ঞতা। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য | ৩০ বৎসর | সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |
| ২. | সহকারী পরিচালক (প্রোগ্রাম প্রডাকশন, নৃত্য) ২২০০০-৫৩০৬০/- | ১ (এক) টি | নৃত্য বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রীসহ নৃত্য বিষয়ক কর্মকাণ্ড সংক্রান্ত ৭ (সাত) বৎসরের অভিজ্ঞতা। | ৩০ বৎসর | |
| ৩. | লাইট ডিজাইনার ২২০০০-৫৩০৬০/- | ১ (এক) টি | স্নাতক ডিগ্রী। লাইট ডিজাইনিং কাজে ১০ (দশ) বছরের বাস্তব অভিজ্ঞতা। নাট্যকলা/লাইট ডিজাইনের উপর ডিপ্লোমা। | ৩০ বৎসর | |
| ৪. | সহকারী সচিব ২২০০০-৫৩০৬০/- | ১ (এক) টি | স্নাতকোত্তর ডিগ্রিসহ বিধিবদ্ধ সংস্থার কর্মকর্তা হিসাবে প্রশাসনিক কাজে ৭ বৎসরের অভিজ্ঞতা। | ৩০ বৎসর | |
| ৫. | সহকারী পরিচালক (পি.এস) ২২০০০-৫৩০৬০/- | ১ (এক) টি | স্নাতকোত্তর ডিগ্রি ও সেক্রেটারিয়াল কোর্সসহ কোন বিধিবদ্ধ সংস্থায় কর্মকর্তা পদে ৭ বছরের চাকরির অভিজ্ঞতা। | ৩০ বৎসর | |

১। জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত এক পাতার নির্ধারিত আবেদন ফরমটি www.shilpakala.gov.bd এবং www.moca.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে। আবেদন ফরমের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে।

২। আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত করতে হবে:-

(ক) শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা (কর্মকর্তার নামসহ সীলযুক্ত) কর্তৃক সত্যায়িত কপি।

(খ) যে সব পদের ক্ষেত্রে অভিজ্ঞতা চাওয়া হয়েছে সে সকল অভিজ্ঞতার সনদপত্র প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা (কর্মকর্তার নামসহ সীলযুক্ত) কর্তৃক সত্যায়িত কপি দাখিল করতে হবে। যাচিত অভিজ্ঞতা এবং প্রত্যয়নপত্র না থাকলে আবেদন বাতিল বলে গণ্য হবে।

(গ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা (কর্মকর্তার নামসহ সীলযুক্ত) কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

(ঘ) প্রার্থীর নিজ এলাকার স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/কাউন্সিলর/সিটি কর্পোরেশনের মেয়র/কাউন্সিলর/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক প্রদত্ত জাতীয়তা/নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত কপি।

(ঙ) সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের তিন কপি রঙ্গিন ছবি, প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত।

(চ) পরীক্ষা ফি বাবদ *"মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, ঢাকা"*-এর অনুকূলে ক্রমিক ১ হতে ৫ পর্যন্ত পদের জন্য ৩০০/- (তিনশত) টাকা বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংকের যে কোন শাখা হতে কোড নং-*"১-৩৪০১-০০০১-২০৩১"* খাতে ট্রেজারি চালানের মাধ্যমে জমা দিয়ে চালানের মূল কপি আবেদনের সাথে জমা দিতে হবে।

৩। বর্ণিত পদসমূহে আবেদনকারীর বয়স ২৫-০৩-২০২০ তারিখে প্রতিটি পদের পার্শ্বে বর্ণিত ৫ নং কলামে উল্লিখিত সর্বোচ্চ বয়সসীমার মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা অনুর্ধ্ব ৩২ বছর। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৪। (ক) প্রার্থী কর্তৃক স্বাক্ষরিত আবেদনপত্র আগামী ৩০-০৯-২০২১ তারিখের মধ্যে ডাকযোগে *"মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, সেগুনবাগিচা, রমনা, ঢাকা"*-এর বরাবরে পৌঁছাতে হবে।

(খ) অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদনপত্র বা নির্ধারিত সময়ের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

৫। (ক) প্রচলিত বিধি মোতাবেক মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং পুত্র-কন্যার পুত্র-কন্যা/মহিলা/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/এতিমখানার নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী/আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্যদের ক্ষেত্রে বর্তমানের সর্বশেষ সরকারি বিধান মোতাবেক উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত মূল সনদপত্রের অনুলিপি যা প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।

(খ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসেবে চাকরি প্রার্থীকে চাকরির আবেদনপত্রের সাথে তাদের পিতার পিতা/পিতার মাতা/মাতার পিতা/মাতার মাতা (প্রযোজ্য ক্ষেত্রে)-এর মুক্তিযোদ্ধা সার্টিফিকেট (যা যথাযথভাবে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত হতে হবে) এর সত্যায়িত কপি দাখিল করতে হবে।

(গ) আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র কন্যা এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশন এর মেয়র/ওয়ার্ড কাউন্সিলর ও পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

(ঘ) শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত শারীরিক প্রতিবন্ধী সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

৬। উল্লেখ্য যে, একাডেমির ৩০-০৮-২০১৮ তারিখের বাশিএ/প্রশা:(সংস্থাপন)/১১(ক)/৭৯/পার্ট-১৮/৩১১ সংখ্যক বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদে ইত:পূর্বে যারা আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

চলমান পাতা-২

৬। নিয়োগের ক্ষেত্রে সকল বিধি বিধান এবং সরকার কর্তৃক নির্দেশিত কোটা পদ্ধতি অনুসৃত হবে।
৭। খামের উপর বাম দিকে পদের নাম, নিজ জেলার নাম ও কোটার নাম (প্রযোজ্য ক্ষেত্রে) উল্লেখ করতে হবে।
৮। আবেদনপত্র বাছাইয়ের পর কেবল উপযুক্ত বিবেচিত প্রার্থীদের লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় ডাকা হবে। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদেরকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
৯। কর্তৃপক্ষ, সরকারি বিধি-বিধানের সাথে সাংঘর্ষিক নয় এমনভাবে কোন শর্ত পরিবর্তন বা অতিরিক্ত শর্ত সংযোজন করতে পারবে। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।
১০। কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকরিতে নিয়োগপ্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করা হবে এবং তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
১১। চাকরিরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে, কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।
১২। লিখিত পরীক্ষার সময় প্রয়োজনীয় প্রস্তুতিসহ ক্লিপ বোর্ড/কলম/পেন্সিল/অন্যান্য প্রয়োজনীয় সরঞ্জাম আনতে হবে।
১৩। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই সকল সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে ।
১৪। বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস, বৃদ্ধি বা বাতিল/প্রত্যাহারের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
১৫। একই পদের জন্য প্রকাশিত বিজ্ঞপ্তি মোতাবেক ইত:পূর্বে যারা উল্লেখিত পদে আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।
১৬। আবেদনপত্র বাছাই ও নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

(লিয়াকত আলী লাকী)
মহাপরিচালক
বাংলাদেশ শিল্পকলা একাডেমি
সেগুনবাগিচা, রমনা, ঢাকা।

---

**(পত্রিকার বিজ্ঞাপনের অংশ নয়)**

অনুলিপি:

১। সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(বিজ্ঞপ্তি এবং আবেদন ছক মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য সবিনয় অনুরোধ জানানো হলো)
২। জনসংযোগ কর্মকর্তা, জনসংযোগ শাখা, প্রশাসন বিভাগ, বাশিএ।
(বিজ্ঞপ্তিটি তিনটি বহুল প্রচারিত পত্রিকা এবং একাডেমির ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)
৩। সহকারী পরিচালক (পি.এস), বাশিএ ।